দৈনিক বাংলা

তারিখ ... 21 DEC 1994 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

63

# বৈচিত্র্যপূর্ণ ফলাফল

রফিকুল ইসলাম রতন ঃ এবারের এইচএসসি পরীক্ষার ফলাফল বিভিন্ন দিক থেকে বৈচিত্র্যপূর্ণ। এবারই প্রথম এইচএসসি পরীক্ষার ফলাফল কম্পিউটারে তৈরি করা হয়েছে। ছাত্র-ছাত্রীরাও এবারই প্রথম পরীক্ষায় অবজেকটিভ প্রশ্নের উত্তর দিয়েছে। অন্য যে কোন বছরের চেয়ে এবারে পাসের হার কম এবং মেয়েদের পাসের হার বেশী।

চলতি বছরে চার বোর্ড থেকে সর্বমোট চার লাখ ৮ হাজার ৬শ ২৫ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করলেও ১০ হাজার ৯৫ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করেনি। পরীক্ষায় অংশগ্রহণকারী তিন লাখ ৯৮ হাজার ৫শ ৪০ জন ছাত্র-ছাত্রীর মধ্যে পাস করেছে মাত্র এক লাখ ৬১ হাজার ৪৫ জন। ৪ বোর্ডের গড় পাসের হার ৩৯ দশমিক ৮৭।

( ৫-এর পৃঃ দ্রঃ )

## বৈচিত্র্যপূর্ণ ফলাফল

(প্রথম পৃষ্ঠার পর)

তন্মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ত্রিশ হাজার ৪শ ৭১ জন ছাত্রছাত্রী, দ্বিতীয় বিভাগ ৯৯ হাজার ৩শ ৬২ জন এবং তৃতীয় বিভাগ ৩১ হাজার দু'শ ১২ জন। এবারের পরীক্ষায় অকৃতকার্য হয়েছে দু'লাখ ৩৭ হাজার ৪শ ৯৫ জন ছাত্র-ছাত্রী।

প্রকাশিত ফলাফল বিশ্লেষণ করলে দেখা যায়, চলতি পরীক্ষায় ৪ বোর্ডেই মেয়েদের ফল তুলনামূলকভাবে অনেক ভাল। ৪ বোর্ডের সম্মিলিত মেধা তালি-কায় প্রথম, দ্বিতীয়, তৃতীয়সহ ১৭টি স্থান অধিকার করেছে মেয়েরা। ছেলে-দের পাসের হার যেখানে ৩৯ দশমিক ২৬, সেখানে মেয়েদের পাসের হার ৪১ দশমিক ১২। রাজধানীর ভিকারুননেসা নুন কলেজের মেয়েরা মেধা তালিকার ১৪টি স্থান দখল করে অনন্য রেকর্ড সৃষ্টি করেছে। ঢাকা কলেজের ছাত্ররা মেধা তালিকার ১১টি স্থান দখল করে। এছাড়া রাজশাহী বোর্ডের রাজশাহী ক্যাডেট কলেজের ১৪ জন ও পাবনা ক্যাডেট কলেজের ৪ জন, কুমিল্লা ক্যাডেট কলেজের ৮ জন, চট্টগ্রাম কলেজের ১১ জন এবং যশোর বোর্ডের বরিশাল ক্যাডেট কলেজের ১০ জন ও ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৭ জন ছাত্রের নাম সম্মিলিত মেধা তালিকায় স্থান পেয়েছে।

প্রাপ্ত নম্বরের ক্ষেত্রেও মেয়েরা বেশী নম্বর পেয়েছে। ঢাকা বোর্ডে প্রথম হয়েছে ৯৬৯ নম্বর পেয়ে একজন ছাত্রী। রাজশাহী বোর্ডে প্রথম হয়েছে ৯৪৭ নম্বর পেয়ে একজন ছাত্র। যশোর বোর্ডে প্রথম হয়েছে ৯৩৭ নম্বর পেয়ে একজন ছাত্র এবং কুমিল্লা বোর্ডে প্রথম হয়েছে ৯২৭ নম্বর পেয়ে একজন ছাত্র। ঢাকা বোর্ডের ১৪তম স্থান অধিকারীর প্রাপ্ত নম্বর কুমিল্লা বোর্ডের প্রথম স্থান অধিকারীর সমান। শুধু যশোর বোর্ড ছাড়া বাকি তিনটি বোর্ডেই মেয়েদের পাসের হার ছেলেদের চেয়ে বেশী।

চট্টগ্রাম থেকে ষ্টাফ রিপোর্টার জানান; কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফলে চট্টগ্রাম কলেজের ছাত্রছাত্রীরা মেধা তালিকায় অধিকাংশ উত্তীর্ণসহ ভাল ফল করেছে। বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ২০ জনের মধ্যে চট্টগ্রাম কলেজের ১১ জন, মানবিক বিভাগের মেধা তালিকায় ২০ জনের মধ্যে ১৪ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হন। মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় মানবিক বিভাগের ১০ জনের মধ্যে ৮ জন এবং বিজ্ঞান বিভাগের মেধাতালিকায় ১২ জনের মধ্যে ১০ জন চট্টগ্রাম কলেজের ছাত্রী।

পরীক্ষার ফলাফল সম্পর্কে চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ প্রফেসর আবদুল মান্নান মিয়া তাঁর প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, ফলাফলে তিনি এবং তাঁর সহকর্মীরা অত্যন্ত খুশি। অতীতের চাইতে এবার ফলাফল আরো ভাল।